দৈনিক সংবাদ

তারিখ ... 26 AUG 1991
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৬ ...

110

# ঢাকা বিশ্ববিদ্যালয়সহ সকল শিক্ষা প্রতিষ্ঠান খুলে দিন ঃ ডাকসু

ডাকসু ভিপি আমানউল্লাহ আমান ও জিএস খায়রুল কবির খোকন গতকাল এক যুক্ত বিবৃতিতে অনতিবিলম্বে ঢাকা বিশ্ববিদ্যালয়সহ বন্ধ ঘোষিত সকল শিক্ষা প্রতিষ্ঠান খুলে দেয়ার আহ্বান জানিয়েছেন। নেতৃবৃন্দ বলেন, গুটিকতক সন্ত্রাসীর হাতে জিম্মি

ডাকসু ঃ পৃঃ ৮ কঃ ৬

## ডাকসু ঃ শিক্ষা প্রতিষ্ঠান খুলে দেয়ার দাবী

(১ম পাতার পর)

হয়ে জ্ঞানচর্চার পথ বন্ধ করে আমরা জাতিকে স্তব্ধ করে দিতে পারি না।

নেতৃবৃন্দ অনতিবিলম্বে ডাঃ মিলন ও মাহবুবের হত্যাকারীসহ সকল সন্ত্রাসীকে গ্রেফতার ও বিচারের সাথে সাথে সন্ত্রাস ও নৈরাজ্যের দায়ে অভিযুক্তদের বিরুদ্ধে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনের পক্ষ থেকে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের আহ্বান জানান। তারা বলেন, গণতন্ত্রকে নস্যাৎ করার জন্য চিহ্নিত মহলের অব্যাহত ষড়যন্ত্রের কারণেই একের পর এক জাতিকে সন্ত্রাস ও নৈরাজ্যের খেসারত দিতে হচ্ছে।